



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur-1701

Telephone: PABX: 880-2-9294117-21, 9264118, 9264127, 9264165, 9264154, 9264184

E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd, Website: www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/১৬/৪৭

তারিখ : ১২-০১-২০১৭

বিষয় : ০৮/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ০৮/০১/২০১৭, সকাল-১০.০০ ঘটিকা

স্থান : ব্রি সভাকক্ষ

সভাপতি : ড. মোঃ শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সা.প) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহবায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মোঃ শাহজাহান কবীর সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র ওয়েবসাইট হালনাগাদসহ ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: প্রতি মাসের প্রথম সপ্তাহে ব্রি'র ইনোভেশন টিমের সার্বিক কর্মকান্ডের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন এবং কার্যবিবরণী ব্রি'র ওয়েবসাইটে প্রকাশসহ কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ২: ভালো কাজের স্বীকৃতি স্বরূপ প্রণোদনা প্রদানের অংশ হিসেবে ০৩ (তিন) জনকে বৈদেশিক প্রশিক্ষণে পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর অংশ হিসেবে ইতোমধ্যে ০২ (দুই) জনকে প্রশিক্ষণে পাঠানো হয়েছে।

সিদ্ধান্ত ৩: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রি'তে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মশালা জুন' ২০১৭ এর মধ্যে আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ/কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের 'রিসোর্স পার্সনস' পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৪: প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ একসেস টু ইনফরমেশন (এটুআই) কর্তৃক আয়োজিত ০৫ (পাঁচ) দিন ব্যাপি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) এ অংশগ্রহণের জন্য দূত এটুআই বরাবর পত্র প্রেরণসহ প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত ৫: 'Rice Doctor' এর জন্য প্রয়োজনীয় কন্টেন্ট প্রস্তুত করে ওয়েবপোর্টালে সংযোজন করতে হবে।

সিদ্ধান্ত ৬: মোবাইল অ্যাপস 'রাইস নলেজ ব্যাংক (আরকেবি)' সেবা সম্প্রসারণের অংশ হিসেবে অধিকতর তথ্য সংযোজন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং এমসিসি লিঃ সাথে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত ৭: সেবা প্রক্রিয়া সহজীকরণের অংশ হিসেবে ব্রি'র শ্রমিকদের বিল-ভাতা প্রদান প্রক্রিয়া ডিজিটলাইজড করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৮: ব্রি'র নিজস্ব ফেসবুক গ্রুপ 'ব্রি নেটওয়ার্কস' ও ফেসবুক পেজ এর মাধ্যমে দূত নাগরিক সমস্যা সমাধান ও দাপ্তরিক কাজে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৯: ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে বিসিসি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনফো সরকার-৩ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করতঃ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ১০: ব্রি'র জনবল নিয়োগ প্রক্রিয়া টেলিটক মোবাইল কোম্পানীর মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এছাড়া গত ১৫-১১-২০১৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইসিটি/ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভার সিদ্ধান্ত অনুসারে ব্রি'র বাংলাদেশ রাইস নলেজ ব্যাংক (বিআরকেবি) সেবা গাজীপুর জেলায় অনুষ্ঠিত ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৭ এ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এর মাধ্যমে প্রদান করা হয়েছে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা), এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৪। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৫। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ৭। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৮। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৯। সংশ্লিষ্ট নথি।



(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান

ও
সদস্য, ইনোভেশন টিম
ব্রি-গাজীপুর।